

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩


অফিসাদেশ

অত্র বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত শিক্ষক/শিক্ষার্থী কর্তৃক Journal/Conference এ প্রকাশিত Technical Paper এর বিষয়বস্তু ও ফলাফল অন্য লেখকের গবেষণা পেপারের সাথে মিল থাকার অর্থাৎ Plagiarism (কুশীলকবৃত্তি) এর অভিযোগ পাওয়া যায়। এ প্রেক্ষিতে উক্ত Paper সমূহে বিষয়বস্তু, ফলাফলসহ অন্য লেখকের গবেষণার সাথে মিলের পরিমাণ নিরীক্ষণের জন্য দেশের খ্যাতনামা ৪ জন গবেষক ও শিক্ষক (যার মধ্যে ২ জন অত্র বিশ্ববিদ্যালয়ের এবং ২ জন অন্য বিশ্ববিদ্যালয়ের) এর নিকট Technical Paper সমূহের কপি Author এর নাম প্রকাশ না করে প্রেরণ করা হয়। সম্মানিত গবেষকবৃন্দ বিষয়টি পুঙ্খানুপুঙ্খ নিরীক্ষা করতঃ আলাদা আলাদা রিপোর্ট প্রদান করেন। পরবর্তীতে উক্ত রিপোর্ট বিবেচনায় নিয়ে এ সংক্রান্ত বিষয়ে পরবর্তী করণীয় নির্ধারণের জন্য ২৪/১২/২০১৭ইং তারিখে অনুষ্ঠিত অত্র বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের ৫৮তম সভায় পেশ করা হয় এবং সভার সিদ্ধান্ত মোতাবেক ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটির কর্তৃক প্রদত্ত প্রতিবেদন ও সুপারিশ গত ২৪/০৭/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত ৬২তম সিন্ডিকেট সভায় উপস্থাপন করা হলে নিম্নলিখিত শিক্ষকগণ Plagiarism (কুশীলকবৃত্তি) এর দোষে দোষী সাব্যস্ত হওয়ায় বিশ্ববিদ্যালয়ের আইনানুযায়ী তাঁদের নামের পাশ্বে (কলাম ৩) বর্ণিত শাস্তি প্রদান করা হলো।

ক্র: নং	নাম, পদবী ও বিভাগ	শাস্তির ধরণ
১	২	৩
১।	প্রফেসর ড. মুহাম্মদ মাহুদ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	১) আগামী ৩ বছর তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি বন্ধ থাকবে। ২) আগামী ৫ বছর (পদোন্নতি এবং পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন না)।
২।	ড. মোঃ আব্দুল্লাহ আল বারী সহকারী অধ্যাপক মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	১) আগামী ৩ বছর তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি বন্ধ থাকবে। ২) আগামী ২ বছর উচ্চতর পদে পদোন্নতি প্রাপ্য হবেন না।
৩।	ড. মোঃ হাসান আলী সহকারী অধ্যাপক এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	১) সহকারী অধ্যাপক পদ থেকে প্রভাষক পদে পদাবনতি। ২) আগামী ২ বছর তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি বন্ধ থাকবে। ৩) আগামী ২ বছর উচ্চতর পদে পদোন্নতি প্রাপ্য হবেন না।

এতদ্ব্যতীত, উক্ত Plagiarism (কুশীলকবৃত্তি) এর সাথে যুক্ত থাকা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রাক্তন ছাত্র মোঃ শাহাদৎ হোসেন (রোল: 0605025) এর অর্জিত CGPA হতে 0.25 কর্তন এবং মোঃ মেসবাহ উল-ইসলাম (রোল: 0605010) এর অর্জিত CGPA হতে 0.50 কর্তন করে ফলাফল পুনঃনির্ধারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। এ আদেশ ২৪/০৭/২০১৮ইং তারিখ থেকে কার্যকরী হবে।


ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।


(জি, এম, শহিদুল আলম)
রেজিস্ট্রার

স্মারক নং-খুপ্রবি/ ৩৪৬/৩ তারিখ: ৩০/৭/১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

- ১। সকল ডীন/ইনস্টিটিউট পরিচালক/বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। কম্পিউটার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। শিক্ষা শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সেন্ট্রাল কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ৭। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ৮। সংরক্ষণ নথি।


(মোঃ মনিরুজ্জামান)
সেকশন অফিসার